

বর্তমান

ইডেন রিয়েলটির শালিমার প্রকল্পে বিনিয়োগ হবে ৪০০ কোটি টাকা

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: ২০২৫ সালের মধ্যে আবাসন প্রকল্পে এক কোটি বর্গফুট জায়গা নির্মাণের লক্ষ্যমাত্রা নিয়েছে ইডেন রিয়েলটি। সাধারণ মানুষের বসবাসের জন্য এই ফ্ল্যাটগুলি গড়ে তোলা হবে। এর জন্য বিনিয়োগ হবে আড়াই হাজার কোটি টাকা। হাওড়ায় ‘সোলারিজ শালিমার’ আবাসন প্রকল্প গড়ে ইডেন রিয়েলটি। শুধু এই প্রকল্পেই ৪০০ কোটি টাকা লম্বি করা হবে বলে জানিয়েছেন সংস্থার ম্যানেজিং ডিরেক্টর আর্য সুমন্ত। শালিমার রেল স্টেশনের কাছে ন’একব্র জমিতে ওই প্রকল্প গড়ে উঠছে। আটটি টাওয়ারে মোট দেড় হাজার ফ্ল্যাট তৈরি হবে এখানে। এগুলির দাম ২১.৭৫ লক্ষ থেকে ৩১.৯৫ লক্ষ টাকার মধ্যে। ২০২৫ সালের মধ্যেই প্রকল্পের কাজ শৈয় করা হবে বলে মনে করছেন এখানকার কর্তারা। তাঁদের দাবি, নবান্ন এবং বিদ্যাসাগর সেতুর এত কাছে এই প্রকল্প কলকাতার একেবারে নাগালে। যোগাযোগ ব্যবস্থাও খুব ভালো। তাঁই দাম অনুপাতে এখানে অনেক বেশি স্বাচ্ছন্দ্য পাবেন ক্রেতারা। প্রকল্পটির একটি অংশ বিত্রিল জন্য লটারি করা হবে বলে জানিয়েছে ইডেন রিয়েলটি।